দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 8 MAY 2010 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ...

# ছাত্র সংসদের আদলে স্টুডেন্ট কাউন্সিল হচ্ছে প্রাইমারী স্কুলে

## প্রাথমিকভাবে ১শ'টি স্কুল নির্বাচিত

■ বিমল সাহা, ভ্রাম্যমাণ সংবাদদাতা

বিদ্যালয়ে শিক্ষা উন্নয়ন কার্যক্রম গ্রহণ এবং বাস্তবায়নে শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিতকরণ, পরমত সহিষ্ণুতা ও শ্রদ্ধাবোধ অর্জন, শিক্ষা কার্যক্রমে ছাত্র-ছাত্রীদের ভূমিকা সম্পর্কে অভিভাবক ও অন্যদের অবহিত করা এবং শিশুদের গণতন্ত্র চর্চা ও গণতান্ত্রিক মূল্যবোধের প্রতি শ্রদ্ধাশীল করে গড়ে তোলার উদ্দেশ্যে সরকার প্রাথমিক স্কুল পর্যায়ে স্টুডেন্টস কাউন্সিল গঠনের কর্মসূচি গ্রহণ করেছে। পাইলট প্রজেক্ট হিসাবে প্রাথমিকভাবে দেশের ২০ জেলার ২০টি উপজেলার একশটি প্রাইমারি স্কুলে স্টুডেন্টস কাউন্সিল গঠন করা হবে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের এক সূত্রে জানা যায়, এ প্রকল্পের আওতায় প্রাথমিকভাবে বাছাই করা উপজেলাগুলো হচ্ছে রাজশাহী জেলার পুঠিয়া, সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া, বগুড়া জেলার শেরপুর, খুলনা জেলার ফুলতলা, ঝিনাইদহ জেলার শৈলকুপা, বরিশাল জেলার সদর, পিরোজপুর জেলার ভাণ্ডারিয়া, ময়মনসিংহ জেলার গফরগাঁও, নরসিংদী জেলার মনোহরদী, টাঙ্গাইল জেলার মির্জাপুর, গোপালগঞ্জ জেলার টুঙ্গীপাড়া, রংপুর জেলার সদর, লালমনিরহাট জেলার হাতিবান্ধা, চট্টগ্রাম জেলার ডবলমুরিং ও চন্দনাইশ, কক্সবাজার জেলার রামু, নোয়াখালী জেলার বেগমগঞ্জ, সিলেট জেলার সদর এবং মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল।

সূত্র জানায়, গত ২০ এপ্রিল ঢাকায় স্টুডেন্টস কাউন্সিল বিষয়ে নির্বাচিত স্কুলসমূহের প্রধান শিক্ষক স্কুল পরিচালনা কমিটির সভাপতি, উপজেলা শিক্ষা অফিসার ও জেলার প্রাইমারি শিক্ষা অফিসারদের নিয়ে একটি ওরিয়েন্টেশন সভা হয়েছে। চলতি মাসেই এ প্রকল্পের কাজ শুরু করা হবে। এ প্রসঙ্গে প্রাথমিক এরপর পৃষ্ঠা ৪, কলাম ৬

## ছাত্র সংসদের

প্রথম পৃষ্ঠার পর

শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক শ্যামল কান্তি ঘোষ টেলিফোনে ইত্তেফাককে জানান, নির্বাচিত উপজেলাগুলোতে ৫টি করে প্রাথমিক বিদ্যালয়ে শিগগিরই স্টুডেন্টস কাউন্সিল গঠন করা হবে।

স্টুডেন্টস কাউন্সিল গঠনের প্রস্তাবনায় বলা হয়েছে ছাত্র ভর্তি বৃদ্ধি, ঝরে পড়া রোধ, শিক্ষার মান বৃদ্ধি ও উন্নয়ন কর্মকাণ্ডে ছাত্র-ছাত্রীদের সম্পৃক্ত করা যেতে পারে। বিশ্বের বিভিন্ন উন্নত ও উন্নয়নশীল দেশে বিদ্যালয় আঙ্গিনা পরিষ্কার, খাবার পানি সংগ্রহ, আসন বিন্যাস, স্বাস্থ্য উন্নয়ন, বিতর্ক আয়োজন এবং ক্রীড়া ও সাংস্কৃতিকমূলক কর্মকাণ্ডে স্টুডেন্টস কাউন্সিল বিশেষ ভূমিকা পালন করে। এছাড়া শিক্ষার্থীদের সম্মিলিত তৎপরতায় স্থানীয় জনপ্রতিনিধিদের কাছ থেকে বিদ্যালয়ের জন্য প্রয়োজনীয় সম্পদ ও সেবা সংগ্রহ সম্ভব। স্টুডেন্টস কাউন্সিলের সহায়তায় ছাত্র-ছাত্রীদের বিদ্যালয়মুখি করতে উদ্বুদ্ধকরণ সভা, হোম ভিজিট ও অভিভাবকদের সাথে যোগাযোগ স্থাপন সম্ভব। কাউন্সিল গঠনের পর নির্বাচিত প্রতিনিধিরা নিজেদের মধ্যে আলাপ আলোচনার ভিত্তিতে সারা বছরের কর্মপরিকল্পনা তৈরি করবে। এ লক্ষ্যে প্রয়োজনীয় সহযোগিতার উৎসসমূহ চিহ্নিত করবে।

স্টুডেন্টস কাউন্সিল গঠনের টার্মস অফ রেফারেন্সে বলা হয়েছে, প্রত্যেক বিদ্যালয়ে ছাত্রছাত্রীদের সরাসরি ভোটে স্টুডেন্টস কাউন্সিল নির্বাচিত হবে। প্রতিটি স্টুডেন্টস কাউন্সিলে ৭ জন করে নির্বাচিত প্রতিনিধি থাকবে। তারা এক বছরের জন্য নির্বাচিত হবে। প্রথম শ্রেণী থেকে তৃতীয় শ্রেণী পর্যন্ত একজন করে এবং ৪র্থ ও ৫ম শ্রেণী থেকে দু জন করে প্রতিনিধি নির্বাচিত হবে। নির্বাচনের শিডিউল ঘোষণা করা হবে। নির্বাচনের ১০ দিন আগে প্রধান শিক্ষক ভোটার তালিকা প্রণয়ন করবেন। প্রধান শিক্ষক ও সহকারি শিক্ষকগণ মনোনিত ৫ম শ্রেণীর একজন ছাত্র নির্বাচন কমিশনার হিসাবে দায়িত্ব পালন করবে। নির্বাচনী তফসিলে বর্ণিত তারিখে প্রতিনিধি হতে আগ্রহী প্রার্থী নির্ধারিত ফরমে মনোনয়ন পত্র জমা দিবে। বাছাই ও প্রত্যাহারের পর নির্দিষ্ট দিনে নির্বাচন হবে। নির্বাচিত ৭ জন প্রতিনিধি ৭টি কার্যক্রমের দায়িত্বে থাকবে। কার্যক্রমগুলো হচ্ছে পরিবেশ, পুস্তক ও শিক্ষণ সামগ্রী সংগ্রহ, স্বাস্থ্য, ক্রীড়া ও সংস্কৃতি, পানি সম্পদ, মিড ডে মিল এবং অভ্যর্থনা ও আপ্যায়ন। স্টুডেন্টস কাউন্সিলের প্রথম সভায় নির্বাচিত প্রতিনিধিগণ একজন প্রধান প্রতিনিধি মনোনয়ন করবে। ঐক্যের ভিত্তিতে প্রধান প্রতিনিধি অন্য প্রতিনিধিদের মধ্যে কাজ বণ্টন করবে। প্রতি মাসে স্টুডেন্টস কাউন্সিলের একবার করে সভা হবে। তাদের সিদ্ধান্ত গ্রহণের ব্যাপারে প্রধান শিক্ষক বা অন্য শিক্ষকগণ কোনরূপ প্রভাব বিস্তার করতে পারবেন না। প্রথম সভায় স্টুডেন্টস কাউন্সিল সারা বছরের কর্মপরিকল্পনা প্রণয়ন করবে। বিশেষ জরুরি প্রয়োজনে প্রধান প্রতিনিধি সভা আহ্বান করতে পারবে। সিদ্ধান্ত গ্রহণে মত বিরোধ হলে সংখ্যাধিক্যের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করবে। প্রতি নির্বাচিত প্রতিনিধি প্রতি শ্রেণী থেকে দু'জন করে সহযোগি সদস্য মনোনীত করবে। প্রতি ৩ মাস অন্তর সাধারণ ছাত্র-ছাত্রীদের উপস্থিতিতে সভা অনুষ্ঠিত হবে। ভোটারগণ নির্বাচিত প্রতিনিধিদের কর্মকাণ্ড সম্পর্কে মতামত দেবে। কোন প্রতিনিধি দায়িত্ব পালনে ব্যর্থ হলে সে পদত্যাগ করবে।